

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 25-08-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**PM, Gujarat:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দু'দিনের গুজরাট সফরে যাচ্ছেন। সফরের প্রথম দিনেই তিনি আহমেদাবাদে ৫ হাজার ৮০০ কোটি টাকার একাধিক উন্নয়ন প্রকল্পের উদ্বোধন করবেন। উদ্বোধনের পর, তিনি জনসভায় ভাষণ দেবেন। সফরের দ্বিতীয় দিনে আগামীকাল, প্রধানমন্ত্রী আহমেদাবাদের হনসলপুরে হাইব্রিড ব্যাটারি ইলেক্ট্রোডের স্থানীয় উৎপাদন এবং ১০০টি দেশে ব্যাটারিচালিত বৈদ্যুতিক যানবাহন রপ্তানির উদ্বোধন করবেন। সফরকালে, প্রধানমন্ত্রী ১ হাজার ৮০০ কোটি টাকারও বেশি মূল্যের একাধিক রেল প্রকল্প জাতির উদ্দেশে উৎসর্গ করবেন।

\*\*\*\*\*

**PM virtual speech :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, উন্নত ভারতের পথ হলো আঞ্চনিক ভারত গড়ে তোলা। আহমেদাবাদে দ্বিতীয় পর্যায়ের সর্দারধাম বালিকা ছাত্রী নিবাসের উদ্বোধনী অনুষ্ঠানে গতকাল ভার্চুয়াল ভাষণে প্রধানমন্ত্রী বলেন, বিশ্ব জোড়া অঙ্গীকার মধ্যে ভারতের কাছে সত্যিকার অর্থে আঞ্চনিক রশীল হওয়ার এক

বিরাট সুযোগ এসেছে। তিনি যুবসমাজ, বিশেষ করে নবীন প্রজন্মকে আগামীদিনের জন্য উন্নত ভারত গঠন নিশ্চিত করতে মেক ইন ইণ্ডিয়া পণ্য গ্রহণের আহ্বান জানান। তিনি উল্লেখ করেন, মুদ্রা যোজনা এবং সম্প্রতি চালু হওয়া ওএম বিকশিত ভারত যোজনার মতো বিভিন্ন প্রকল্পের মাধ্যমে কেন্দ্রীয় সরকার তরুণদের জন্য কর্মসংস্থান এবং স্ব-উদ্যোগী হওয়ার নতুন পথ তৈরি করছে। শিক্ষার প্রচার এবং মেয়েদের ক্ষমতায়নের সুযোগ প্রদানে সর্দারধামের অনুকরণীয় কাজের প্রশংসা করেন প্রধানমন্ত্রী।

উল্লেখ্য, আহমেদাবাদে সর্দারধামের নবনির্মিত দ্বিতীয় পর্যায়ের বালিকা ছাত্রীনিবাসটির ভার্চুয়াল উদ্বোধন করেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

\*\*\*\*\*

## Blood Donation :

মৎস্যমন্ত্রী সুধাংশু দাস বলেছেন, বিজ্ঞানের অগ্রগতির যুগেও মানুষ এখনো রক্তের বিকল্প তৈরী করতে পারেন। তাই রক্তের চাহিদার কথা মাথায় রেখে যোগান স্বাভাবিক রাখতে সবাইকে স্বেচ্ছা রক্তদানে এগিয়ে আসতে হবে। গতকাল সর্বজনীন আত্ম দিবস এবং রাজযোগিনী দাদি প্রকাশমানীর প্রয়াণ দিবস উপলক্ষ্যে আগরতলার আড়ালিয়ায় প্রজাপিতা ব্রহ্মকুমারী ইশ্বরীয় বিশ্ববিদ্যালয়ের হলঘরে এক রক্তদান শিবিরের উদ্বোধন করে তিনি একথা বলেন। প্রসংত এই কর্মসূচি সারা ভারতবর্ষে এবং নেপালে পালন করছে প্রজাপিতা ইশ্বরীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। আজ ২৫ আগস্ট পর্যন্ত বিভিন্ন রক্তদান শিবিরে এক লক্ষ ইউনিট রক্তদানের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

\*\*\*\*\*

## **GAGANYAAN :**

গগনযান মিশনের জন্য প্যারাসুট-ভিত্তিক প্রথম ইন্টিগ্রেটেড এয়ার ভ্রপ টেস্ট (IADT-01) সফলভাবে সম্পন্ন করেছে ইসরো। প্যারাসুট সিস্টেমকে কার্যকর রূপ দেওয়ার জন্য গুরুত্বপূর্ণ অনুশীলনটি মহাকাশযানকে নিরাপদে মহাকাশ মিশনের অধীনে ফিরিয়ে আনবে। এই পরীক্ষাটি ইসরো, ভারতীয় বিমান বাহিনী, DRDO, ভারতীয় নৌবাহিনী এবং ভারতীয় উপকূলরক্ষী বাহিনীর যৌথ প্রচেষ্টায় সম্পন্ন করেছে। এই পরীক্ষা সম্পূর্ণ প্যারাসুট মূল্যায়নের জন্য ডিজাইন করা হয়েছিল, যা প্রকৃত মানব মহাকাশ অভিযানের পুনঃপ্রবেশ এবং স্প্ল্যাশডাউনের সময় ত্রু মডিউলের গতি কমিয়ে স্থিতিশীল করবে। ইসরো আসন্ন পরীক্ষার জন্যও প্রস্তুতি নিচ্ছে যেমন দ্বিতীয় টেস্ট ভেহিকেল ডেমোনস্ট্রেশন (টিভি-ডি-টু) মিশন এবং প্রথম আনত্রুড গগনযান মিশন (জি-ওয়ান) যা ভারতের প্রথম মানব মহাকাশ অভিযানের পথ প্রশস্ত করবে।

\*\*\*\*\*

## **Ganesh puja meeting :**

গণেশ পূজা উপলক্ষে পশ্চিম থানার অন্তর্গত সকল ক্লাবগুলিকে নিয়ে গতকাল বৈঠক করেছেন সদরের এসডিপিও দেবপ্রসাদ রায়। তিনি জানান, শহরের নর্দমা সংস্কারের কাজে অনেক রাস্তায় চলাফেরার সমস্যা হচ্ছে। এরমধ্যে ক্লাব ও পূজা কমিটিগুলিকে মানুষের চলাফেরায় সমস্যা না হয়, সেটা নিশ্চিত করতে স্বেচ্ছাসেবক রাখা বাধ্যতামূলক করে দেওয়া হয়েছে সাউন্ড সিস্টেমের ক্ষেত্রে

আইন মেনে চলতে হবে বলেও এসডিপিও জানান। বৈঠকে উপস্থিত ছিলেন পশ্চিম আগরতলা থানার ওসি রানা চ্যাটার্জি।

\*\*\*\*\*

### **Mega legal services camp :**

উত্তর জেলা আইনসেবা কর্তৃপক্ষের উদ্যোগে গতকাল লালছড়ায় মেগা আইনি শিবির অনুষ্ঠিত হয়। শিবিরের উদ্বোধন করেন উত্তর জেলার জেলা ও দায়রা বিচারক অংশমান দেববর্মা। উপস্থিত ছিলেন জেলা আইনসেবা কর্তৃপক্ষের সচিব রাজৰ্ষি চক্রবর্তী, কালাছড়া রাকের বিডিও নারায়ণ দেবনাথ প্রমুখ। শিবিরে ১৩২০ জনকে আধার কার্ড, পিআরটিসি, ম্যারেজ সার্টিফিকেট সহ অন্যান্য নথিপত্র দেওয়া হয়। রাজ্য সরকারের ২৪ টি দপ্তর শিবিরে অংশ নেয়।

\*\*\*\*\*

### **Football :**

সাংসদ বিপ্লব কুমার দেব উনকোটি জেলার কুমারঘাটের P.W.D ময়দানে গতকাল "কুমারঘাট ফুটবল টুর্নামেন্ট- ২০২৫" এর উদ্বোধন করেন। তিনি তিনি বলেন, সুস্থ দেহ-মনের জন্য প্রয়োজন খেলাধূলার। নেশা আসক্তির বাইরে থাকতে যুব সমাজ'কে খেলাধূলায় যুক্ত থাকার উপর তিনি জোর দেন। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি সাংসদ রাজীব ভট্টাচার্য সহ অন্যরা উপস্থিত ছিলেন।

নক-আউট এই টুর্নামেন্টে ষেলটি দল অংশ নিচ্ছে। প্রাইজমানি হিসাবে  
চ্যাম্পিয়ন দল দুই লক্ষ টাকা ও রানার্স এক লক্ষ টাকা পাবে।

\*\*\*\*\*

## FIRST DIVISION :

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চতুর্থ স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ  
ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলাটি ড্র হয়েছে। উমাকান্ত মিনি  
স্টেডিয়ামে অনুষ্ঠিত রাউন্ডমাউথ ক্লাব ও ফরোয়ার্ড ক্লাবের খেলাটি ১-১ গোলে  
শেষ হয়। ফলে পয়েন্ট ভাগ হয়।

\*\*\*\*\*

## Weather :

আজ আকাশ সাধারণত: মেঘাচ্ছন্ন থাকবে। সারা রাজ্যে বিক্ষিপ্তভাবে কিছু  
কিছু জায়গায় বজ্রবিদ্যুত সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টিপাত হতে পারে  
। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে  
পারে। ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*